# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 14 April, 2025


কুমিল্লার চান্দিনায় চুরির অপবাদ দেওয়ায় নিজের শরীরে আগুন লাগিয়ে আত্মহত্যার চেষ্টা করে মো. সবুজ নামের এক ব্যক্তি।রোববার সন্ধ্যা ৭টায় উপজেলা সদরের সরকারি হাসপাতাল সংলগ্ন এলাকায় এ ঘটনা ঘটে।

আহত সবুজ উপজেলার বাড়েরা ইউনিয়নের গড়ামারা গ্রামের আমির হোসেনের ছেলে।তিনি উপজেলা সদরের বেলাশহর এলাকায় ভাড়ায় বসবাস করে ব্যাটারিচালিত অটোরিকশা চালিয়ে জীবিকা নির্বাহ করে।

আগুন দিয়ে আত্মহত্যার চেষ্টায় সবুজের শরীরের ৩০ থেকে ৩৫ শতাংশ পুড়ে গেছে।উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা শেষে তাকে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

জানা যায়, চান্দিনা হাসপাতাল রোডের ইউনুছ মিয়ার অটোরিকশার গ্যারেজ ভাড়া নিয়ে সবুজসহ তিনজন ওই গ্যারেজে তাদের অটোরিকশাগুলো রাখে। পালাক্রমে তারা তিনজন পাহারাও দেন।

প্রায় চার মাস আগে এক রাতে পাহারার দায়িত্ব ছিল সবুজের।সেদিন রাত আনুমানিক  গ্যারেজে তালা দিয়ে সবুজ প্রকৃতির ডাকে সাড়া দিতে বাইরে যায়।ওই সময় চোরচক্র দুটি অটোরিকশা নিয়ে যায়।ওই ঘটনায় সিসিটিভি ফুটেজ দেখে মানিক নামে একজনকে আটক করে পুলিশে দেয় স্থানীয় মাতব্বররা।

রাতে পুলিশ চোর সন্দেহে আটককৃত মানিককে ছেড়ে দেয়।পরবর্তীতে স্থানীয় কয়েকজন মাতাব্বর সবুজকে চোর সাভ্যস্ত করে ৫০ হাজার টাকা জরিমানা করে।সবুজের পক্ষে ৫০ হাজার টাকা জরিমানা দেওয়ার সক্ষমতা না থাকায় তিনি ওই রায় মানেনি।

রবিবার সন্ধ্যায় কয়েকজন মাতব্বরের প্ররোচনায় সালাউদ্দিন নামে এক ব্যক্তি সবুজকে আটক করে তার অটোরিকশা নিয়ে যায় এবং তাকে চোর বলে ৫০ হাজার টাকা জরিমানা দিতে চাপ দেয়।এ সময় সবুজ অপবাদ সহ্য করতে না পেরে প্রকাশ্যে নিজের শরীরে পেট্রল ঢেলে আগুন লাগিয়ে আত্মহত্যার চেষ্টা করে।

দগ্ধ সুবজের স্ত্রী খুশি আক্তার বলেন, গরীবের জন্য আইন নাই, বিচার নাই।তারা (মাতাব্বররা) চোর ধরে ছেড়ে দিছে, আর আমার স্বামীরে চুরির অপবাদ দিয়ে জরিমানা করে।আমার স্বামী এ নির্যাতন সহ্য করতে না পেরে নিজের গায়ে আগুন লাগিয়ে আত্মহত্যার চেষ্টা করে।আমি এ ঘটনার সুষ্ঠু বিচার চাই।

চান্দিনা উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. আরিফুর রহমান বলেন, সুবজের শরীরের ৩০ থেকে ৩৫ শতাংশ পুড়ে গেছে।আমরা প্রাথমিক চিকিৎসা দিয়ে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠিয়েছি।

এ ব্যাপারে চান্দিনা থানার ওসি মো. জাবেদ উল ইসলাম বলেন, অটোরিকশা চুরির ঘটনায় ওই সময়ে মানিক, সাইফুল ও নাজমুল নামে তিনজনের নাম উল্লেখ করে থানায় মামলা হয়।ওই চুরির ঘটনায় সবুজকে দায়ী করে চাপ সৃষ্টি করলে সে অপমান সহ্য করতে না পেয়ে নিজের গায়ে আগুন দিয়ে আত্মহত্যার চেষ্টা করে।এ ঘটনায় সুষ্ঠু তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

আত্মহত্যা কুমিল্লা অটোরিকশা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:10

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/542020738